হুমায়ুন আহমেদ স্মরনে মেহেরপুরে অরনির “হুমায়ুন কথন”

জনপ্রিয় কথাশিল্পী ও চলচ্চিত্রকার হুমায়ূন আহমেদের অষ্টম মৃত্যুবার্ষিকী আজ। এ দিনটি ঘিরে হুমায়ন আহমেদ স্মরনে মেহেরপুর অরনির থিয়েটারের উদ্যোগে “হুমায়ুন কথন” এর আয়োজন করা হয়েছে। রবিবার সন্ধায় জেলা শিল্পকলা একাডেমীতে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

হুমায়ূন আহমেদ স্মরনে অরনির আয়োজনের মধ্যে ছিল, গান, উপন্যাস পাঠ, কবিতা ইত্যাদি। গান ও উপন্যাস পরিবেশন করেন খাদিজা জান্নাত পরী, সামারুল ইসলাম, খোকন।

বাদ্যযন্ত্রে ছিলেন, তব্লাই রুবেল হোসেন, আব্দুস সামাদ এবং জুড়ীতে আলাউদ্দিন, বাঁশিতে মাহাবুব, দো-তারাই আব্দুল্লাহ।

উপস্থাপনায় ছিলেন অরনি থিয়েটারের সভাপতি নিশান সাবের। সার্বিক ব্যবস্থাপনা ছিলেন আতিক স্বপন।

চেক প্রতারণায় অপু বিশ্বাসের বিরুদ্ধে আইনি নোটিশ

চেক প্রতারণার অভিযোগে ঢাকাই সিনেমার চিত্রনায়িকা অপু বিশ্বাসের বিরুদ্ধে লিগ্যাল নোটিশ পাঠিয়েছেন এক ব্যবসায়ী।

রোববার ঢাকার জজকোর্টের অ্যাডভোকেট মো. মুনজুর আলমের মাধ্যমে এ নোটিশ পাঠিয়েছেন ব্যবসায়ী বাদশাহ বুলবুল।

নোটিশে বলা হয়েছে, প্লট ক্রয়ের কিস্তি পরিশোধ, ব্যক্তিগত গাড়ি ও ফ্ল্যাট ক্রয়ের জন্য অপু ব্যবসায়ী বাদশাহ বুলবুলের কাছ থেকে ১০ লাখ টাকা ঋণ নেন। গত ৭ জুলাই সে ঋণ পরিশোধের অংশ হিসেবে ৫ লাখ টাকার একটি চেক দিলে অ্যাকাউন্টে প্রয়োজনীয় অর্থ না থাকায় সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃপক্ষ সেটি ফেরত দিয়েছে। বিষয়টি অপু

বিশ্বাসকে জানানো হলে তিনি কালক্ষেপণ করতে থাকেন। একপর্যায়ে ওই ব্যবসায়ীর সঙ্গে যোগাযোগ বন্ধ করে দেন।

তাই লিগ্যাল নোটিশে অপুকে ৩০ দিনের মধ্যে সব অর্থ পরিশোধের জন্য বলা হয়েছে ওই নোটিশে। আর এ সময়সীমায় অর্থ পরিশোধ না করলে অপু বিশ্বাসের বিরুদ্ধে মামলা ঠুকবেন বলে নোটিশে উল্লেখ করা হয়েছে।

এমন নোটিশ প্রসঙ্গে সব অভিযোগ ভিত্তিহীন মন্তব্য করে নিজেকে ষড়যন্ত্রের শিকার বলে দাবি করেন অপু বিশ্বাস।

স্বস্তিকাকে ধর্ষণের হুমকি, অভিযুক্ত ২ জন গ্রেপ্তার

টালিউড অভিনেত্রী স্বস্তিকা মুখার্জীকে ধর্ষণ ও অ্যাসিড ছোঁড়ার হুমকি দেওয়ার অভিযোগে এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে কলকাতা পুলিশ। সোশ্যাল মিডিয়ায় স্বস্তিকাকে এই হুমকি দিয়েছে হুগলির এক ব্যক্তি।

পুলিশ জানিয়েছে, স্বস্তিকার একটি ভুয়ো উদ্ধৃতি নিয়ে সংবাদ প্রকাশের অভিযোগে পূর্ব বর্ধমান থেকে এক সাংবাদিককেও গ্রেপ্তার করেছে পুলিশের সাইবার বিভাগ। ধর্ষণ ও অ্যাসিড হামলার হুমকি দেওয়ার অভিযোগে গ্রেপ্তার হওয়া ব্যক্তির নাম কৌশিক দাস। হুগলি জেলার মোগড়ায় তার বাড়ি থেকে তাকে গ্রেপ্তার করা হয়েছে বলে জানিয়েছে পুলিশ।

অন্যদিকে পূর্ব বর্ধমান থেকে গ্রেফতার হওয়া সাংবাদিকের নাম শুভম চক্রবর্তী। একটি অনলাইনে পোর্টালে অভিনেত্রীর নামে ভুয়া খবর ছড়ানোর অভিযোগে গ্রেফতার করা হয়েছে তাকে।

অনলাইনে যেসব হুমকি পেয়েছিলেন সে সম্পর্কে কলকাতা পুলিশে অভিযোগ দায়ের করেছিলেন অভিনেত্রী স্বস্তিকা মুখার্জী। ২৯ জুন থেকে সেই অভিযোগের ভিত্তিতে তদন্ত করেই গ্রেফতার করা হয় কৌশিক দাসকে।

[redacted]

[redacted]

‘হামি কি এতই ফকির হয়া গেছি, টাকা হামি ফেরায় দিব’

‘হামি কি এতই ফকির হয়া গেছি যে হামার অনন্ত জলিলের টাকা দিয়া চলতি লাগবে? হামি তার সিনেমায় কাজ করব না, তার টাকা হামি ফেরায় দিব, হামাকে তো টাকার কথা কয়া অপমান করবার পারবার নাই।’ কথাগুলো বলছিলেন সোশ্যাল মিডিয়ার মাধ্যমে জনপ্রিয়তা পাওয়া আশরাফুল আলম ওরফে হিরো আলম।

অনন্ত জলিল ক’দিন আগেই ঢাকঢোল পিটিয়ে ঘোষণা দিলেন, হিরো আলমকে তার ছবিতে একটি গুরুত্বপূর্ণ চরিত্রে নিয়েছেন। বিষয়টি বেশ আলোচনার জন্ম দেয়। এছাড়া চলচ্চিত্র সমিতিতে অনন্ত জলিল যেদিন পাঁচ লাখ টাকা দেন, সেদিনও নতুন লুকে দেখা যায় হিরো আলমকে। কিন্তু গতকাল বৃহস্পতিবার হিরো আলমকে ফোন দিয়ে জানিয়ে দিলেন-তিনি তার ছবি থেকে বাদ।

এ বিষয়ে অনন্ত জলিল তার ফেসবুকে লিখেছেন, ‘আমি হিরো আলমকে নিয়ে কোনো সিনেমা বানাব না এবং ৫০ হাজার টাকা সাইনিং মানি ফেরত নেব না! বেশির ভাগ বিনোদন সাংবাদিক এবং চলচ্চিত্র পরিবারের সব গুণীজন হিরো আলমকে নিয়ে সিনেমা না বানানোর জন্য আপত্তি জানাচ্ছেন। এবং রিসেন্টলি তার কিছু অশ্লীল ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়লে সবাই আবারও আমাকে নিষেধ করেছেন তাকে নিয়ে সিনেমা না বানানোর।’

তবে হিরো আলম দাবি করেন, তাকে নিয়ে বিতর্কের বিষয়ে মাথা ঘামান না। এসব মাথায় রেখেই তিনি আলমকে চলচ্চিত্রে নিয়েছেন। আজ হুট করে কেন এমন সিদ্ধান্ত নিয়েছেন? ফেসবুকে হিরো আলম বিষয়টিকে ‘ষড়যন্ত্রের শিকার’ বলে উল্লেখ করেন। এছাড়া অনন্ত জলিলকে উদ্দেশ্য করে হিরো আলম ফেসবুক লাইভে বলেন, আমাকে শুধু ব্যবহার করাই হয়েছে। তবে এসব নিয়ে মাথা ঘামাই না। হামি নিজের প্রযোজনায় ছবি বানাব, সেটা যত ছোটই হোক, আপনারা আমার পাশে থাকলে হামি পারমো।

সূত্র- বিডি-প্রতিদিন

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

এফডিসিতে জায়েদ খানকে বয়কট

চলচ্চিত্র শিল্পী সমিতি ব্যতীত চলচ্চিত্র সংশ্লিষ্ট ১৭টি সংগঠন চিত্রনায়ক ও শিল্পী সমিতির সাধারণ সম্পাদক জায়েদ খানকে অবাঞ্ছিত ঘোষণা করে তাকে বয়কট করতে যাচ্ছে। জায়েদ খানের বিরুদ্ধে চলচ্চিত্রের স্বার্থবিরোধী কর্মকাণ্ড ও অনিয়মের অভিযোগে সংগঠনগুলো একত্রিত হয়েছে।

বুধবার (১৫ জুলাই) চলচ্চিত্র প্রযোজক ও পরিবেশক সমিতির নেতৃত্বে এই ঘোষণা দেওয়া হবে জানিয়েছেন প্রযোজক সমিতির সহকারী সাধারণ সম্পাদক মোহাম্মদ ইকবাল। তিনি বলেন, বুধবার দুপুরে ১৭ সংগঠন আয়োজিত এক সংবাদ সম্মেলনের মাধ্যমে বিস্তারিত জানানো হবে।

তিনি বলেন,চলচ্চিত্রের ‘স্বার্থ বিরোধী কর্মকাণ্ডের’ অভিযোগে চিত্রনায়ক ও প্রযোজক জায়েদ খানকে বয়কটের সিদ্ধান্ত নিয়েছে বাংলাদেশ চলচ্চিত্র প্রযোজক পরিবেশক সমিতি ও চলচ্চিত্র সংশ্লিষ্ট অন্য সংগঠনগুলো। এ বিষয়ে আমরা তাকে কারণ দর্শানোর নোটিশও দেই।
মঙ্গলবার (১৪ জুলাই) সংক্রান্ত সিদ্ধান্ত নিতে প্রযোজক সমিতির নেতৃত্বে ১৭ সংগঠনের জরুরি বৈঠক অনুষ্ঠিত হয়। সেখানে শিল্পী সমিতি ছাড়া বাকি সংগঠনগুলোর নেতাকর্মীরা উপস্থিত ছিলেন। তাদের মধ্যে চলচ্চিত্র প্রযোজক সমিতির সভাপতি খোরশেদ আলম খসরু, সাধারণ সম্পাদক শামসুল আলম, পরিচালক সমিতির সভাপতি মুশফিকুর রহমান গুলজার, মহাসচিব বদিউল আলম খোকনসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

এর আগে সোমবার (১৩ জুলাই) জায়েদ খানকে চলচ্চিত্রের স্বার্থবিরোধী কাজে জড়িত থাকার জন্য এর কারণ জানতে চেয়ে নোটিশ পাঠায় বাংলাদেশ চলচ্চিত্র প্রযোজক-পরিবেশক সমিতি।

এ প্রসঙ্গে পরিচালক সমিতির সভাপতি মুশফিকুর রহমান গুলজার বলেন, সবার জন্য প্রযোজক সমিতি একটি নীতিমালা করেছে। সেটা যারা মানবে না, তাদের বয়কট করা হবে। শুধু জায়েদ খান নয়, এটা সবার জন্যও প্রযোজ্য। বুধবার (১৫ জুলাই) দুপুর ১টায় আমরা একটি সংবাদ সম্মেলন করব। এরপর এ বিষয়ে সবাইকে বিস্তারিত জানাতে পারবো।

সূত্র- বিডি-প্রতিদিন

মেহেরপুর অরণি থিয়েটারের সাপ্তাহিক সাংস্কৃতিক সন্ধ্যা

অরণি থিয়েটার ও অরণি চিল্ড্রেন্স থিয়েটারের পক্ষ থেকে সঙ্গীত আকাশের মহাতারকা, প্লেব্যাক সম্রাট এন্ড্রু কিশোরের প্রতি শ্রদ্ধা জানিয়ে সাংস্কৃতিক সন্ধ্যার আয়োজন করা হয়।
শুক্রবার রাতে মেহেরপুর অরণি থিয়েটার মিলনায়তনে মিশন সাবেরের সঞ্চালনায় ও আতিক স্বপনের ব্যবস্থাপনায় এ সাপ্তাহিক সাংস্কৃতিক সন্ধ্যার সঙ্গীত অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।
এ সময় শিল্পী হিসেবে উপস্থিত ছিলেন এম.সাইদুর, ও সামারুল ইসলাম, বাঁশিতে ছিলেন মাহবুব, দোতারাই ছিলেন আব্দুল্লাহ,তবলাতে ছিলেন অনিক, জিবসীতে ছিলেন রুবেলসহ অরণি থিয়েটারের সদস্য বৃন্দরা।

ইউটিউবে পছন্দের তালিকার শীর্ষে সুশান্তের ছবির ট্রেলার

বলিউড তারকা সুশান্ত সিং রাজপুতের শেষ ছবি ‘দিল বেচারা’ মুক্তি পাবে আগামী ২৪ জুলাই। ডিজনিপ্লাস হটস্টার ওটিটি প্ল্যাটফর্মে দেখা যাবে ছবিটি। সম্প্রতি ছবিটির ট্রেলার প্রকাশিত হয়েছে। মুক্তির ২৪ ঘণ্টায় ইউটিউবে পছন্দের শীর্ষে জায়গা করে নিয়েছে ভিডিওটি। এটি মুক্তির ২৪ ঘণ্টায় ইউটিউবে ‘অ্যাভেঞ্জার্স: এন্ডগেম’ এর গড়া রেকর্ডও ভেঙে দিয়েছে।

প্রকাশের ২৪ ঘণ্টায় সুশান্তের শেষ ছবির ট্রেলার ৫.৪ মিলিয়ন লাইক পেয়েছে। এদিকে মার্ভেল স্টুডিওর অ্যাভেঞ্জার্স: এন্ডগেমের অফিসিয়াল ট্রেলার লাইক পড়েছিল ২.৯ মিলিয়ন। সুশান্তের ছবির ট্রেলারটি আজ বুধবার পর্যন্ত ৪ কোটি বার দেখা হয়েছে।

২০১২ সালে জন গ্রিনের লেখা ‘দ্য ফল্ট ইন আওয়ার স্টারস’ অবলম্বনে নির্মিত হয়েছে ছবিটি। একই নামে হলিউডের একটি ছবি নির্মাণ করা

হয়েছিল।

সূত্র- বিডি প্রতিদিন

এন্ড্রু কিশোরকে নিয়ে যেভাবে স্মৃতিচারণ করলেন জেমস

কিংবদন্তি শিল্পী এন্ড্রু কিশোরের মৃত্যুতে স্মৃতিচারণ করলেন দেশের আরেক জনপ্রিয় কণ্ঠশিল্পী জেমস। তার স্মৃতিচারণায় উঠে আসে হৃদয়স্পর্শী কিছু কথা।

জেমস বলেন, “এন্ড্রু দা আমার কয়েক বছরের সিনিয়র। আমরা একই অঞ্চলের মানুষ। একসঙ্গে তার সঙ্গে কত গল্প, কত স্মৃতি বলে বোঝাতে পারব না। একটি পত্রিকার অনুষ্ঠানে তার হাত থেকে আমি ক্রেস্ট নিয়েছিলাম।

তার হাসিমাখা মুখ আর ওই ক্রেস্ট নেওয়ার মুহূর্তের আনন্দটা ছিল অসাধারণ। সে সময় তার সঙ্গে কানে কানে কথা হয়েছিল। ‘কেমন আছেন সব ঠিকঠাক তো?’ মনে হয় দুষ্টুমির ছলেই এ কথাটা বলেছিলাম। এন্ড্রু দা শুনে হাসছিলেন।

তার হাসিমাখা মুখটা ভুলে থাকা কঠিন, সত্যিই অনেক কঠিন! এক রকম সরলতা সব সময় বিরাজ করত তার চোখে-মুখে। সেই সরলতামাখা মায়াভরা মুখ আর কখনও দেখতে পাব না, এটা ভাবতেই পারছি না।

এন্ড্রু দার সঙ্গে আমার শেষ কথা হয় তিনি যখন সিঙ্গাপুর চিকিৎসাধীন ছিলেন তখন। ফোনে তার সঙ্গে কথা হয় অনেক। দাদাকে আমি চিকিৎসা বিষয়ে কিছু পরামর্শ দিয়েছিলাম। ক্যান্সারের চিকিৎসা নেওয়ার সময় মাঝপথে মনে হয় ভালো হয়ে গেছি, এমন ভাবই হয়। যার ফলে অনেকেই আর পুরো চিকিৎসাটা করেন না। কেননা রোগী কিংবা তার স্বজনরা মনে করেন ভালো হয়ে গেছি। অনেক সময় ডাক্তাররাও সেটা মনে করেন।

একটা বিষয় আমি জানি, ক্যান্সারের জীবাণু, বিশেষ করে লিম্ফোমা

যদি দ্বিতীয়বার ব্যাক করে তাহলে সেটা দ্বিগুণ শক্তি নিয়ে আসে। ডাক্তারের কাছেই শুনেছি। আমি এন্ড্রু দাকে বলেছি, আপনি কিন্তু পুরো চিকিৎসা করে একেবারে নিশ্চিত হয়ে দেশে আসবেন। সেদিন দাদা খুব খুশি হয়েছিলেন।

দাদা আজ আমাদের মাঝে আর নেই, বিশ্বাস করতে কষ্ট হচ্ছে। সঙ্গীতে তার আসন কোথায় তা কারোরই বলার প্রয়োজন আছে বলে মনে করি না। তিনি অনেক কিছুর ঊর্ধ্বে। তিনি তার গানেই আমাদের মধ্যে বেঁচে থাকবেন। দাদা যেখানে থাক, ভালো থাক- এটাই কামনা করি।”

সূত্র- বিডি প্রতিদিন